



UNIVERSITY OF NORTH BENGAL

B.A./B.Sc./B.Com. Honours/General Part-III Examination, 2021

COMPULSORY BENGALI

Time Allotted: 2 Hours

Full Marks: 50

পাঠ্যসূচী সংখ্যা প্রশ্নের পূর্ণমান নির্দেশক।
পরীক্ষার্থীরা যথাসম্ভব নিজের ভাষায় নির্দিষ্ট শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

নিচের যে-কোনো একটি বিষয়ে অ্যাসাইনমেন্ট (assignment) প্রস্তুত করো ২০×১= ২০

১।(ক) ভাবসম্প্রসারণ করোঃ ১০

সে লড়াই ঈশ্বরের বিরুদ্ধে লড়াই / যে যুদ্ধে ভাইকে মারে ভাই।

(খ) সংক্ষিপ্তসার রচনা করোঃ ১০

সাধারণ ধর্ম-শিক্ষকের দ্বারা ধর্ম যে মূর্তিতে পৃথিবীতে সংস্থাপিত হইয়াছে তাহা অপ্রীতিকর বটে। এদেশের আধুনিক ধর্মের আচার্যেরা যে হিন্দুধর্ম ব্যাখ্যাত ও রক্ষিত করেন, তাহার মূর্তি ভয়ানক। উপবাস, প্রায়শ্চিত্ত, পৃথিবীর সমস্ত সুখে বৈরাগ্য, আত্মপীড়ন, ইহাই অধ্যাপক ও পুরোহিত মহাশয়ের নিকট ধর্ম। গ্রীষ্মকালে অতিশয় উত্তপ্ত ও তৃষাপীড়িত হইয়া যদি একপাত্র বরফজল খাইলাম, তবে আমার ধর্ম নষ্ট হইল। জ্বর বিকারের রুগ্নশয্যায় কষ্টে প্রাণ যায় যায় হইয়াছে; ডাক্তার আমার প্রাণ রক্ষার্থে যদি ঔষধের সঙ্গে আমায় পাঁচ ফোঁটা ব্রাণ্ডী খাওয়াইলেন, তবেই আমার ধর্ম গেল। আট বৎসরের কুমারী কন্যা বিধবা হইয়াছে, যে ব্রহ্মচার্যের পীড়নে পীড়িত করিয়া তাহাকে কাঁদাইতে হইবে, আপনি কাঁদিতে হইবে, পরিবারবর্গকে কাঁদাইতে হইবে নহিলে ধর্ম থাকে না। ধর্মোপার্জনের জন্য কেবল পুরোহিত মহাশয়কে দাও, গুরুঠাকুরকে দাও, নিকর্ম, স্বার্থপর, লোভী, কুকর্মান্বিত ভিক্ষাপ্রার্থী ব্রাহ্মণদিগকে দাও, আপনার প্রাণপতনে উপার্জিত ধন সব অপাত্রে ন্যস্ত কর। এই মূর্তি ধর্মের মূর্তি নহে - একটা পৈশাচিক কল্পনা। অথচ আমরা বাল্যকাল হইতে ইহাকে ধর্ম নামে অভিহিত হইতে শুনিয়া আসিতেছি।

২।(ক) সাম্প্রদায়িকতার সমস্যা ও তার প্রতিরোধে ছাত্রসমাজের ভূমিকা বিষয়ে একটি ভাষণ প্রস্তুত করো। ১০

(খ) কলেজের ম্যাগাজিন প্রকাশ উপলক্ষে ছাত্রছাত্রীর কাছে থেকে কবিতা / প্রবন্ধ / গল্প চেয়ে ছাত্র সংসদের পক্ষ থেকে একটি বিজ্ঞপ্তি রচনা করো। ১০

নিচের যে-কোনো দুটি বিষয়ে অ্যাসাইনমেন্ট (assignment) প্রস্তুত করো

১৫×২= ৩০

- ৩। রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর ‘শঙ্খ’ কবিতাটিতে সমকালীন বিশ্ব-প্রেক্ষিতে শঙ্খের গুরুত্ব কীভাবে উপলব্ধি করেছেন তা লেখো। ১৫
- ৪। ‘বইপড়া’ প্রবন্ধে প্রাবন্ধিক বইপড়ার উপযোগিতা সম্পর্কে যে মতামত দিয়েছেন তা লেখো। ১৫
- ৫। ‘ইজ্জত’ গল্পটি অনুসরণে সুমিত্রা চরিত্রটি চিত্রিত করো। ১৫
- ৬। ‘অভাগীর স্বর্গ’ গল্পটির কাহিনি বিশ্লেষণ করে নামকরণের সার্থকতা আলোচনা করো। ১৫

—x—